শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫- ৪০৪

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৬ / ০৫ আগস্ট ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৯-২০৬, তারিখ: ২২/০৭/২০১৯ খ্রি:।
(২) মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভুত) এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন শরিফপুর দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির জন্য নির্বাচিত করা হয়। পরবর্তীতে একই মন্ত্রণালয়ের ৩১.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ নং স্মারকমূলেও বর্ণিত প্রতিষ্ঠানটি অন্তর্ভুক্ত করা হয়।

২। অত:পর কোন কারণ দর্শানো ব্যতিরেকে ১৬.০৬.১০ খ্রি. তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট জনাব মুহাম্মদ ওমর ফারুক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলা দায়ের করা হয়।

৩। উক্ত রিট মামলায় বিগত ১৪.১২.১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলার সাথে একত্রে শুনানি গ্রহণ করে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:

"The respondetns are hereby directed to enlist the name of the respective College and Madrasha in the list of MPO (government portion of salary) provided they fulfill the requirements as provided in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010 within a period of 90 days from date of receipt of the copy of this judgment and order।

৪। উক্ত রায়ের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিকার না পাওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ২০৮/২০১১ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

৫। অত:পর বর্ণিত রিট মামলার রায়ে/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২০৩১/২০১১ মামলা দায়ের করা হলে মহামান্য আপিল আদালত কর্তৃক বিগত ১৭.১১.১৩ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

"The leave petition is out of time by 254 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the leave petition is dismissed as barred by limitation." ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের রায় বহাল রয়ে যায়।

৬। উক্ত আপিল মামলার রায়ের আলোকে রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ১১টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ২২.০৫.১৪ খ্রি. তারিখে শিম/শা-১৩/বিবিধ/৪-৩/মামলা/২০১৩/১২১ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক মার্চ/১৫ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে এমপিওভুক্ত করা হয় এবং তা চলমান আছে।

৭। বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মে/২০১০ মাস হতে বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য গত ০১.০১.১৯ তারিখে সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়।

৮। উক্ত আবেদনের প্রেক্ষিতে রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪/১২/২০১০ তারিখের রায়/আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা না থাকায় বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া (মে/২০১০ হতে ফেব্রুয়ারি/২০১৫) বেতন-ভাতা প্রদানের সুযোগ নেই মর্মে জানিয়ে ১০.০৩.১৯ তারিখে আবেদনকারী বরাবর পত্র প্রেরণ করা হয়। একই সময়ে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া (মে/২০১০ হতে ফেব্রুয়ারি/২০১৫) বেতন-ভাতাদি প্রাপ্তির দাবীতে পিটিশনার কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১০৮২/২০১৫ মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য প্রেরণের জন্য ডিএমই-কে ১০.০৩.১৯ খ্রি. তারিখে ১৫১ সংখ্যক স্মারকে পত্র প্রেরন করা হয়।

৯। এক্ষণে পিটিশনার (জনাব মুহাম্মদ ওমর ফারুক) কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থ বছর হতে এমপিও তালিকাভুক্তকরণের নির্দেশনা দাবী করে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে। উক্ত কনটেম্পট মামলায় জনাব মো: আলমগীর, সাবেক সচিব মহোদয়, টিএমইডি এবং জনাব মো: সফিউদ্দিন আহমেদ, ডিজি, ডিএমই-কে কনটেম্পটনর করা হয়েছে।

চলমান পাতা-০২

১০। উল্লেখ্য DME কর্তৃক ২২.০৭.১৯ খ্রি. তারিখের ২০৬ সংখ্যক পত্রমূলে বর্ণিত রিট মামলার রায়ে ২০০৯-১০ অর্থবছর হতে এমপিও প্রদানের কোন নির্দেশনা না থাকায় পিটিশনারের চাহিত মতে বকেয়া প্রদানের সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য ডিএমই কর্তৃক বিজ্ঞ প্যানেল আইনজীবী'র নিকট প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণ করা হয়েছে।

১১। আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের (মে/১০ হতে ফেব্রুয়ারি/১৫) বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির দাবীতে উল্লিখিত কনটেম্পট মামলা ছাড়াও অন্য একটি রিট পিটিশন মামলা দায়ের চলমান রয়েছে। যার নম্বর ১১০৮২/১৫। উক্ত রিট মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থাসহ হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য ডিএমই বরারব পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু ডিএমই হতে উক্ত মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থার কোন তথ্যাদি জানা যায়নি।

১২। এক্ষণে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(ক) কনটেম্পট পিটিশন নং-৩৩৪/১৯ (রিট পিটিশন নং-৬২২৭/১০ হতে উদ্ভুত) মামলার জবাব দাখিলের বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবী'র নিকট ডিএমই হতে গত ২২.০৭.১৯ তারিখের ২০৬ সংখ্যক স্মারকমূলে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডিকে অবহিত করা;

(খ) শরিফপুর দাখিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের (মে/২০১০ হতে ফেব্রুয়ারি/২০১৫) বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির দাবীতে দায়েরকৃত রিট পিটিশন নং-১১০৮২/২০১৫ মামলার বিষয়ে ডিএমই কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডিতে প্রেরণ করা;

(গ) এ বিষয়ে টিএমইডি কর্তৃক গৃহীত ব্যবস্থাদির তথ্য মহামান্য আদালতের গোচরে নেয়া;

১৩। এমতাবস্থায়, উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য আগামি ২৫/৮/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

৫/৮/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।